## Weekly Current Affairs – 12th - 18th Aug' 2025

### জাতীয় ঘটনাবলি

1. India's First Drone-Based Cloud Seeding লঞ্চ করা হল রাজস্থানে।
2. নাগপুর (আজনী) এবং পুনের মধ্যে ভারতের দীর্ঘতম রুটের বন্দে ভারত এক্সপ্রেস ট্রেন উদ্বোধন করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। 881 কিলোমিটারের এই ট্রেন যাত্রা সম্পন্ন হবে 12 ঘণ্টায়।
3. ভারতের প্রথম রাজ্য হিসেবে 'Disha Abhiyan' বাস্তবায়ন করল মহারাষ্ট্র। বৌদ্ধিক প্রতিবন্ধী শিক্ষার্থীদের জন্য অভিন্ন এবং মানসম্মত শিক্ষা প্রদানের উদ্দেশ্যে এই স্কিম চালু হয়েছে।
4. মধ্যপ্রদেশে রায়সেন জেলার উমারিয়া গ্রামে BEML Rail Hub -এর ভিত্তিপ্রস্তর স্থাপন করলেন কেন্দ্রীয় প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং। 1800 কোটি টাকা মূল্যের এই ইউনিটটিতে বন্দে ভারত, অমৃত ভারত এবং মেট্রো ট্রেনের কোচ তৈরি হবে।
5. 1800 MW pumped storage projects (PSPs) বিকাশের জন্য NHPC-এর সাথে চুক্তি স্বাক্ষর করল ছত্তিশগড় সরকার।
6. স্বাধীনতা দিবসের আগে রাজস্থান সীমান্তে 'Operation Alert' চালু করল বর্ডার সিকিউরিটি ফোর্স।
7. তেলেঙ্গানার হায়দ্রাবাদে ভারতের প্রথম Animal Stem Cell Biobank -এর উদ্বোধন করলেন কেন্দ্রীয় বিজ্ঞান ও প্রযুক্তি প্রতিমন্ত্রী ড. জিতেন্দ্র সিং। এই বায়োব্যাংকে বিভিন্ন প্রাণী প্রজাতির উচ্চমানের স্টেম সেল সংরক্ষণ করা হবে।
8. ভারতের প্রথম Miscellaneous Non-Banking Financial Company হিসেবে 1 লক্ষ কোটি টাকার ব্যবসায়িক টার্নওভার অতিক্রম করল Kerala State Financial Enterprises (KSFE). রাষ্ট্রায়ত্ত এই সংস্থাটি মাত্র 4 বছরে তাদের টার্নওভার 50,000 কোটি টাকা থেকে দ্বিগুণ হয়েছে।
9. 13 আগস্ট 3rd India-Singapore Ministerial Roundtable অনুষ্ঠিত হল নিউ দিল্লীতে।
10. রাজ্যসভায় ভারতীয় বন্দর বিল, 2025 পাস হল। বন্দর সম্পর্কিত আইনকে একীভূত করতে, সমন্বিত বন্দর উন্নয়নকে উৎসাহিত করতে,বন্দর সম্পর্কিত ব্যবসা সহজতর করতে এবং ভারতে উপকূলরেখার সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করা এই বিলের মুখ্য উদ্দেশ্য।
11. স্বাধীনতা দিবসে টানা 12 টি বক্তৃতা দিয়ে ইন্দিরা গান্ধীর রেকর্ড ভেঙে দিলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।নরেন্দ্র মোদী 2014 সাল থেকে লালকেল্লা থেকে প্রধানমন্ত্রী হিসেবে প্রথম জাতির উদ্দেশ্যে ভাষণ দিয়েছিলেন এবং 2025 সাল পর্যন্ত প্রতি বছর বিরতি ছাড়াই ভাষণ দিচ্ছেন। ইন্দিরা গান্ধী তাঁর শাসনকালে টানা 11 টি স্বাধীনতা দিবসের ভাষণ দিয়েছিলেন।পণ্ডিত জওহরলাল নেহেরু এখনও পর্যন্ত সবচেয়ে বেশি (17 বার) স্বাধীনতা দিবসের ভাষণ দিয়েছেন।
12. ভারতের পরবর্তী উপরাষ্ট্রপতি পদে NDA প্রার্থী হিসেবে সিপি রাধাকৃষ্ণনের নাম ঘোষণা করল বিজেপি। বর্তমানে তিনি মহারাষ্ট্রের রাজ্যপাল পদে রয়েছেন। আই.এন.ডি.আই.এ. (INDIA) ব্লক প্রাক্তন সুপ্রিম কোর্ট বিচারক সুদর্শন রেড্ডিকে উপরাষ্ট্রপতি প্রার্থী হিসেবে মনোনীত করেছে। স্বাস্থ্যগত সমস্যার কারণে পূর্ববর্তী উপরাষ্ট্রপতি জগদীপ ধনখড় আকস্মিক পদত্যাগ করেছেন। উপরাষ্ট্রপতির নির্বাচন অনুষ্ঠিত হবে 9 সেপ্টেম্বর।
13. ভারতীয় নৌবাহিনীকে 'Ikshak' জরিপ জাহাজ প্রদান করল কলকাতার গার্ডেন রিচ শিপবিল্ডার্স অ্যান্ড ইঞ্জিনিয়ার্স (GRSE)। উপকূলীয় এবং গভীর জলের হাইড্রোগ্রাফিক জরিপ এবং নেভিগেশনাল চ্যানেল/রুট নির্ধারণ করতে এই জাহাজ ব্যবহৃত হবে।
14. অরুণাচল প্রদেশের মেচুকা শহরে Space Laboratory উদ্বোধন করল ISRO.
15. 100 GW Solar PV Module Manufacturing Capacity অর্জন করল ভারত।
16. 13th India-UAE Joint Defence Cooperation Committee (JDCC) Meeting অনুষ্ঠিত হল নিউ দিল্লীতে।
17. 'Bharat Steel 2026'-এর লোগো, ব্রোশার এবং ওয়েবসাইট চালু করলেন কেন্দ্রীয় ভারী শিল্প ও ইস্পাত মন্ত্রী এইচ.ডি. কুমারস্বামী।
18. তথ্য-চালিত উদ্ভাবনের মাধ্যমে আধারের দৃঢ়তা, নিরাপত্তা এবং নির্ভরযোগ্যতা আরও বৃদ্ধির জন্য Indian Statistical Institute -এর সাথে চুক্তি স্বাক্ষর করল Unique Identification Authority of India (UIDAI).

EDUTOUCH - 9123648141

## আন্তর্জাতিক ঘটনাবলি

1. মালেশিয়ার সাথে থেকে প্রথম বিদেশী রেল ও মেট্রো চুক্তি করল BEML Limited. এই চুক্তি ভারতের রেল উৎপাদন প্রোফাইল এবং রপ্তানি বৃদ্ধি করবে। এই প্রকল্পটি উন্নত, দক্ষ মেট্রো কোচ নির্মাণের প্রতিশ্রুতি দেয়, দ্বিপাক্ষিক সম্পর্ক গভীর করবে।
2. 'Dark Eagle' নামে Hypersonic Missile System তৈরি করল আমেরিকা।
3. সম্প্রতি কেনিয়াকে Human African Trypanosomiasis (Sleeping Sickness) মুক্ত দেশ হিসেবে ঘোষণা করলো বিশ্ব স্বাস্থ্য সংস্থা।
4. সম্প্রতি জাম্বিয়ার সাথে বাণিজ্য সহযোগিতা চুক্তি স্বাক্ষর করল ভারত।
5. দক্ষিণ কোরিয়া ও আমেরিকার মধ্যে 'Ulchi Freedom Shield 2025' নামে যৌথ সেনা মহড়া পরিচালিত হবে।
6. মানবিক সহায়তা হিসেবে ফিজিতে 5 টন কাউপিয়া বীজ পাঠালো ভারত। এই উদ্যোগ ফিজিতে কৃষিক্ষেত্রে স্থিতিশীলতা বৃদ্ধি করবে এবং চাষীদের ক্ষমতায়ন করে এবং খাদ্য নিরাপত্তা সুনিশ্চিত করবে।

## নিয়োগ

7. আলিপুর চিড়িয়াখানার প্রথম মহিলা অধিকর্তা হিসাবে নিযুক্ত হলেন তৃপ্তি শাহ।
8. International Chamber of Commerce-এর অধিনস্ত GCC-India Trade Commissioner হিসেবে নিযুক্ত হলেন জিনাত কুরেশি। প্রথম ভারতীয় মহিলা হিসেবে তিনি এই পদে নিযুক্ত হলেন।

## পুরস্কার

1. অপারেশন সিন্দুরের সাথে জড়িত 7 জন সামরিক অফিসার সর্বোত্তম যুদ্ধ সেবা পদক (SYSM) পেলেন।
2. সেনাবাহিনীর লেফটেন্যান্ট জেনারেল প্রতীক শর্মা এবং লেফটেন্যান্ট জেনারেল রাজীব ঘাই, বিমানবাহিনীর ভাইস চিফ এয়ার মার্শাল নর্মদেশ্বর তিওয়ারি, এয়ার মার্শাল নাগেশ কাপুর, এয়ার মার্শাল জিতেন্দ্র মিশ্র, এয়ার মার্শাল এ কে ভারতী এবং নৌবাহিনীর ভাইস অ্যাডমিরাল সঞ্জয় সিং (অবসর প্রাপ্ত) সম্মানিত হয়েছেন।
3. International Architectural Award 2025 জিতল গুয়াহাটির লোকপ্রিয় গোপীনাথ বোরদোলোই আন্তর্জাতিক বিমানবন্দর।
4. UNDP Equator Initiative Award 2025 জিতলো Bibi Fatima Women's Self-Help Group. কর্নাটকের ধরওয়াদ জেলার কুন্দগোল তালুকের একটি ছোট গ্রামের একটি স্ব-সহায়ক গোষ্ঠী (SHG) জাতিসংঘ উন্নয়ন কর্মসূচি (UNDP) দ্বারা প্রদত্ত এই পুরস্কার পেল। এই পুরস্কার জীববৈচিত্র্য রক্ষা এবং জলবায়ু কর্মকাণ্ডের জন্য নোবেল পুরস্কার হিসেবে বিবেচিত। বৃষ্টিনির্ভর জমিতে পরিবেশবান্ধব কৃষিকাজ পদ্ধতি বাস্তবায়ন, কমিউনিটি বীজ ব্যাংক পরিচালনা, খাদ্য ও পুষ্টি নিরাপত্তা নিশ্চিত করা, বাজরা চাষের প্রচার এবং বাজরা প্রক্রিয়াজাতকরণ ইউনিট পরিচালনা, মূল্য সংযোজন এবং বিপণনের ক্ষেত্রে এই মহিলা গোষ্ঠী কাজ করে। এই গোষ্ঠীটি প্রায় 30 টি গ্রামে প্রাকৃতিক কৃষি পদ্ধতির মাধ্যমে বাজরা ভিত্তিক মিশ্র ফসল পদ্ধতি পুনরুজ্জীবিত করেছে। 2018 সালে মাত্র 15 জন মহিলা এই গোষ্ঠী গঠন করেছিলেন।
5. Sustainable Aviation Fuel-এর জন্য দেশের প্রথম ISCC Carbon Offsetting and Reduction Scheme for International Aviation (CORSIA) certification পেল ইন্ডিয়ান ওয়েল কোম্পানির পানিপথ তৈল শোধনাগার।
6. 2025 সালে 79তম স্বাধীনতা দিবসে 1090 জনকে বীরত্ব ও সেবা পদক প্রদান করা হল।
7. Indian Film Festival of Melbourne 2025-এ সেরা ছবির তকমা পেল Homebound; সেরা ডিরেক্টর পুরস্কার পেলেন নীরজ ঘায়ওয়ান (Homebound সিনেমার পরিচালক)।
8. Harmonic Analysis and Analytic Number Theory-তে অবদানের জন্য Maryam Mirzakhani New Frontiers Prize জিতলেন গণিতবিদ রাজুলা শ্রীবাস্তব।
9. 2025 মিস ইউনিভার্স ইন্ডিয়া সেরা শিরোপা পেলেন রাজস্থানের মানিকা বিশ্বকর্মা। এ বছরের শেষের দিকে থাইল্যান্ডে অনুষ্ঠিত হতে চলা, 74তম গ্লোবাল মিস ইউনিভার্স প্রতিযোগিতায় ভারতের প্রতিনিধিত্ব করবেন তিনি।

## দিন/থিম

1. আন্তর্জাতিক যুব দিবস পালন করা হয় 12 আগস্ট; 2025 থিম হল- "Local Youth Actions for the SDGs and Beyond". (2000 সালে এই দিবস প্রথম আয়োজিত হয়েছিল)।
2. বিশ্ব অঙ্গ দান দিবস পালন করা হয় 13 আগস্ট; 2025 থিম হল-"Answering the Call".
3. 2025 সালে 79তম স্বাধীনতা দিবস উদযাপন করল ভারত। এবছর স্বাধীনতা দিবসের থিম - 'নয়া ভারত'।


EDUTOUCH - 9123648141

## খেলাধুলা

1. World Games-এর ইতিহাসে প্রথম ভারতীয় হিসাবে ব্যক্তিগত পদক জিতলেন ঋষভ যাদব। তিনি আর্চারি খেলায় ব্রোঞ্জ পদক জেতেন।
2. World Games-এ উশুতে ভারতের প্রথম পদক জয় করেন নম্রতা বাত্রা। তিনি মহিলাদের সান্দা 52 কেজি বিভাগে রৌপ্য পদক জেতেন।
3. Asian Surfing Championships-এ পদক জয়ী প্রথম ভারতীয় হলেন রমেশ বুদিহাল। তিনি ব্রোঞ্জ পদক জিতেছেন।
4. 20 বছর পর AFC Asian Cup 2026-এর জন্য যোগ্যতা অর্জন করল ভারতীয় U-20 মহিলা ফুটবল দল।
5. টি-টোয়েন্টি ক্রিকেটে বিরাট কোহলিকে অতিক্রম করে পঞ্চম সর্বোচ্চ রান সংগ্রাহক হয়ে উঠলেন অস্ট্রেলিয়ার ব্যাটার ডেভিড ওয়ার্নার।
6. U-14 Norway Cup 2025 জিতল ভারতের Minerva Academy FC. ফাইনালে নরওয়েজিয়ান দলকে 14-1 গোলে পরাজিত করে চন্ডিগড়-ভিত্তিক এই একাডেমি।
7. Asia Rugby Emirates U-20 Championship -এ ব্রোঞ্জ পদক জিতল ভারতের U-20 মহিলা দল।
8. Asian U19 & U22 Boxing Championships -এ মোট 27 টি পদক জিতেছে ভারত।
9. হরিয়ানাকে পরাজিত করে 15th Hockey India Junior Women National Championship 2025 জিতল ঝাড়খণ্ড।
10. ভারতের 89তম গ্র্যান্ডমাস্টার হলেন এস.রোহিত কৃষ্ণ।
11. প্রথম সংস্করণ Khelo India Water Sports Festival (KIWSF) অনুষ্ঠিত হবে শ্রীনগরে। Khelo India Water Sports Festival 2025-এর ম্যাসকট হল হিমালয়ান কিংফিশার। 21 থেকে 23 আগস্ট, 2025 শ্রীনগরের ডাল লেকে এই প্রতিযোগিতা আয়োজিত হবে।

## প্রকল্প/ পরিষেবা

1. পরিযায়ী শ্রমিকদের আর্থিক সহায়তা প্রদান করতে শ্রমশ্রী প্রকল্প চালু করল পশ্চিমবঙ্গ। শ্রমশ্রী প্রকল্পের উদ্দেশ্যসমূহ - বাংলার পরিযায়ী শ্রমিকদের রাজ্যে ফিরিয়ে এনে তাদের জীবিকার জন্য সাহায্য করা, যাঁরা ফিরে আসবেন তাঁদের এককালীন ভ্রমণ সহায়তা হিসেবে 5,000 টাকা দেওয়া হবে। রাজ্যে ফিরে আসার পর প্রথম এক বছর পরিযায়ী শ্রমিকদের কাজের ব্যবস্থা না হলে, মাসে 5,000 টাকা করে ভাতা দেওয়া হবে। উৎকর্ষ বাংলা প্রকল্পের মাধ্যমে ফিরে আসা শ্রমিকদের দক্ষতা অনুযায়ী নতুন করে প্রশিক্ষণ প্রদান করে বিভিন্ন কাজে যুক্ত করা হবে।
2. আর্থিক সহায়তা প্রদানের মাধ্যমে ছাত্রীদের উচ্চশিক্ষা বাড়াতে 'Mukhya Mantrir Nijut Moina 2.0' স্কিম চালু করলেন আসামের মুখ্যমন্ত্রী হিমন্ত বিশ্ব শর্মা।
3. আম্মা সম্মান দিবসের উদ্বোধনী অনুষ্ঠানে 'নারী আদালত' উদ্যোগ চালু করলেন সিকিম। 'নারী আদালত' হল একটি সম্প্রদায়-ভিত্তিক ফোরাম,এটি মহিলাদের দ্বারা পরিচালিত হয়, বিশেষ করে সিকিমের গ্রামীণ এবং আধা-শহুরে এলাকায় সহজলভ্য এবং অনানুষ্ঠানিক ন্যায়বিচার প্রদানের জন্য এই আদালত গঠিত হবে। সিকিমের মুখ্যমন্ত্রী প্রেম সিং তামাং এই প্রকল্পের সূচনা করেন।
4. বাড়িতে রেশন পণ্য পৌঁছে দিতে "Thayumanavar" স্কিম চালু করলেন তামিলনাড়ুর মুখ্যমন্ত্রী এম.কে. স্ট্যালিন।
5. ওষুধের নিরাপত্তা, গুণমান এবং কার্যকারিতা মান এবং সুরক্ষা বৃদ্ধির জন্য 'SHRESTH' উদ্যোগ চালু করল কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রক। কেন্দ্রীয় স্বাস্থ্য সচিব পুণ্য সলিলা শ্রীবাস্তব সেন্ট্রাল ড্রাগস স্ট্যান্ডার্ড কন্ট্রোল অর্গানাইজেশন (CDSCO) দ্বারা প্রস্তাবিত এই প্রকল্প লঞ্চ করেন।
6. স্বদেশী টেকনোলজির মাধ্যমে গুরুত্বপূর্ণ স্থাপনাগুলিকে সুরক্ষিত রাখতে 'Mission Sudarshan Chakra' চালু করলেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।
7. 'PM Viksit Bharat Scheme' চালু করল কেন্দ্র সরকার। এই প্রকল্পে বেসরকারি ক্ষেত্রে প্রথম চাকরি পাওয়া প্রার্থীদের 15,000 টাকা প্রদান করা হবে।
8. JP Senani Pension Scheme চালু করল বিহার সরকার।
9. সরকারি চাকরিতে প্রাক্তন অগ্নিবীরদের 10 শতাংশ সংরক্ষণ অনুমোদন করল উত্তরাখণ্ড মন্ত্রিসভা।

## বাণিজ্য এবং অর্থ ব্যবস্থা

1. প্রথম ভারতীয় কোম্পানি হিসেবে International Council of Mining and Metals (ICMM)-এ যোগদান করল Hindustan Zinc Limited.
2. Youth Leadership Development -এর জন্য School of Ultimate Leadership Foundation (SOUL) -এর সাথে MOU স্বাক্ষর করল MY Bharat.


Edutouch Coaching Institute, Berhampore (W.B), Call - 9123648141/7586049871, Edutouchinstitute.com

3. মহিলা কাস্টমারদের ক্ষমতায়নের লক্ষ্যে 'PSB Naari Shakti' নামে সেভিংস আকাউন্ট ইনিশিয়েটিভ চালু করল Punjab & Sind Bank.
4. সম্পত্তি মূল্যায়ন এবং কারেন্ট অ্যাকাউন্ট পরিচালনা সম্পর্কিত নিয়ম লঙ্ঘনের জন্য ICICI Bank-কে 75 লক্ষ টাকা জরিমানা করল ভারতীয় রিজার্ভ ব্যাংক।
5. Advanced 5G এবং AI ট্রেনিং এর জন্য 4 টি গ্লোবাল টেক কোম্পানির সাথে MoU স্বাক্ষর করল BSNL. এই কোম্পানিগুলি হল- Ericsson India, Qualcomm Technologies, Cisco, and Nokia Solutions. এছাড়াও কেন্দ্রীয় যোগাযোগ মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়ার উপস্থিতিতে ঘোষিত এই উদ্যোগের লক্ষ্য হল প্রতি বছর 2000-এরও বেশি শিক্ষার্থীকে 5G , কৃত্রিম বুদ্ধিমত্তা (AI), মেশিন লার্নিং (ML), নেটওয়ার্কিং এবং সাইবার নিরাপত্তা সহ উদীয়মান প্রযুক্তিতে প্রশিক্ষণ দেওয়া।
6. Payment Aggregator হিসেবে কাজ করার জন্য RBI কর্তৃক অনুমোদন পেল Paytm Payments Services Limited (PPSL).
7. ডিফেন্স সেক্টরে স্টক পারফরম্যান্স ট্র্যাক করতে BSE India Defence Index লঞ্চ করল BSE Index Services.
8. অগ্নিবীরদের জন্য 4 লক্ষ টাকার Collateral-Free Loan Scheme চালু করল SBI.
9. Top 500 Global Brands তালিকায় প্রথম স্থান অধিকার করল Microsoft; দ্বিতীয় স্থানে NVIDIA এবং তৃতীয় স্থানে Apple. এই তালিকায় ভারতীয় সংস্থা হিসেবে টাটা গ্রুপ 60তম স্থানে রয়েছে।
10. পরিবেশ বান্ধব Bed-Roll Bags তৈরি করতে Northeast Frontier Railway (NFR)-এর সাথে যৌথ উদ্যোগে কাজ করবে IIT গুয়াহাটি।

## বই ও লেখক

1. "Why the Constitution Matters" শিরোনামে তার প্রথম বই প্রকাশ করলেন ভারতের প্রাক্তন প্রধান বিচারপতি ডি. ওয়াই. চন্দ্রচূড়। জাতির পরিচয় এবং শাসন-গঠনে সংবিধানের তাৎপর্য সম্পর্কে গভীরভাবে আলোকপাত করেছেন তিনি। এই বইটি পাঠকদের মৌলিক অধিকার রক্ষা, ন্যায়বিচার নিশ্চিতকরণ এবং আইনের শাসন বজায় রাখার ক্ষেত্রে সংবিধানের ভূমিকা সম্পর্কে ধারণা প্রদান করে।
2. "The Rise of the Hitman: The Rohit Sharma Story" শিরোনামে বই লিখলেন আর. কৌশিক।

## বিবিধ

1. ওড়িশা সরকার তাঁত শিল্পের ব্র্যান্ড অ্যাম্বাসেডর হিসেবে অভিনেত্রী মাধুরী দীক্ষিতকে নিযুক্ত করল।
2. সম্প্রতি তেলেঙ্গানায় আবিষ্কৃত হল বিরল নীল পিঙ্কগিল মাশরুম।

## মৃত্যু বার্তা

1. সম্প্রতি প্রয়াত হলেন লা. গণেশন আইয়ার। তিনি ছিলেন একজন ভারতীয় রাজনীতিবিদ, তিনি 27 আগস্ট 2021 থেকে মণিপুরের রাজ্যপাল হিসেবে দায়িত্ব পালন করেছেন এবং 18 জুলাই 2022 সাল থেকে 17 নভেম্বর 2022 পর্যন্ত পশ্চিমবঙ্গের রাজ্যপাল হিসেবে দায়িত্ব পালন করেছেন।
2. সম্প্রতি 80 বছর বয়সে প্রয়াত হলেন প্রাক্তন ভারতীয় হকি খেলোয়াড় এবং ক্রীড়া ওষুধ বিশেষজ্ঞ ড. ভেস পেজ। তিনি 1972 সালে মিউনিখ অলিম্পিকে ব্রোঞ্জ পদক জয় করেছিলেন।


Edutouch Coaching Institute, Berhampore (W.B), Call - 9123648141/7586049871, Edutouchinstitute.com